# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়

## গোপালগঞ্জ ।

*www.gopalganjpourashava.org*

উন্নয়নের গণতন্ত্র

স্মারক নং- গোঃপৌঃ/সাঃ-৫৫(২)/২০১৯-২০/ তারিখ ঃ

**গোপালগঞ্জ পৌর পরিষদের ৫১ নং সাধারন সভার কার্য-বিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব কাজী লিয়াকত আলী<br>মেয়র, গোপালগঞ্জ পৌরসভা । |
| স্থান | ঃ | পৌরসভা সম্মেলন কক্ষ । |
| তারিখ | ঃ | ৩০ মার্চ ২০২০ ইং । |
| সময় | ঃ | বেলা ১২.০০ ঘটিকা । |

সভায় উপস্থিত কাউন্সিলরদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক'' এবং কর্মকর্তা/কর্মচারীদের নাম পরিশিষ্ট ''খ''তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর গোপালগঞ্জ পৌরসভার সচিব জনাব কে,জী, এম মাহামুদ গত ২০ ফেব্রুয়ারী ২০২০ তারিখে অনুষ্ঠিত ৫০ নং সভার কার্য বিবরনী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতভাবে অনুমোদিত হয় ।

১ নং আলোচনা ঃ উন্নয়ন মুলক কর্মকান্ড প্রসঙ্গে ঃ গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সাহেব সভায় জানান, গোপালগঞ্জ পৌরসভায় মিউনিসিপ্যাল গভারন্যান্স এন্ড সার্ভিসেস প্রজেক্ট (MGSP), গোপালগঞ্জ পৌরসভা ড্রেইনেজ উন্নয়ন প্রকল্প (GPDIP), তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ(সেক্টর) প্রকল্প (UGIIP-III) এবং গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUIDP) এর উন্নয়ন মুলক কাজ চলমান রয়েছে । তিনি পৌরসভায় জরুরী ভিত্তিতে কিছু কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনসহ প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন । যা নিম্নরুপঃ

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ পৌরসভার সালিশীর কার্যক্রম পরিচালনার স্বার্থে পারভীন বেগম কে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।
বাস্তবায়নে: সচিব/স্যানিটারী ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা ।

২ নং আলোচনা টিএলসিসি সভা প্রসঙ্গে ঃ সচিব সাহেব গত ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত গোপালগঞ্জ পৌরসভার টিএলসিসি এর সভার কার্যবিবরনী সভায় উপস্থাপন করেন । তিনি জানান টিএলসিসি সভায় গোপালগঞ্জ পৌরসভার ৯টি ওয়ার্ডের ওয়ার্ড কমিটির সভার সিদ্ধান্ত, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, দারিদ্র হ্রাসকরন ও বস্তিউন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি,আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা সংক্রান্ত স্থায়ী কমিটি এবং হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যক্রমসহ আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনা হয়েছে । টিএলসিসি সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করা প্রয়োজন । এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় ।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে টিএলসিসি সভার সিদ্ধান্ত সমুহ অনুমোদনসহ কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।
বাস্তবায়নে ঃ সচিব, গোপালগঞ্জ পৌরসভা ।

৩নং বিবিধ আলোচনা (ক) ঃ (মশক নিধন প্রসঙ্গে) ঃ ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুরুল আমিন শেখ সভায় জানান বর্তমানে পৌর এলাকায় মশার উপদ্রব বেড়েছে । এতে করে দেশজুড়ে ডেঙ্গু মশার/মশার প্রার্দুভাব বৃদ্ধি পেয়েছে । মশা নিধন করার জন্য সরকারি সিদ্ধান্ত অনুযায়ী দেশ ব্যাপি মশক নিধনের অভিযান চলছে । তারই ধারাবাহিকতায় সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জরুরী ভিত্তিতে এ পৌরসভায় মশক নিধন অভিযান পরিচালনা করা আবশ্যক । উপস্থিত সকল কাউন্সিলর মশক নিধনের বিষয়ে একমত পোষণ করেন ।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে মশক নিধন অভিযান পরিচালনা করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।
বাস্তবায়নে ১ । কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, গোপালগঞ্জ পৌরসভা ।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(কাজী লিয়াকত আলী)
মেয়র
গোপালগঞ্জ পৌরসভা ।

চলমান পাতা-০২

স্মারক নং- গোঃপৌঃ/ তারিখ ঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

২-১৩। জনাব/জনাবা ---------------------------------কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা।

১৪। সচিব, গোপালগঞ্জ পৌরসভা।

১৫। নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা।

১৬। উপ-সহকারী প্রকৌশলী(বিদ্যুৎ),গোপালগঞ্জ পৌরসভা।
তাকে পৌর পরিষদের সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।

১৭-২০। --------------------------------------------- গোপালগঞ্জ পৌরসভা।

মেয়র
গোপালগঞ্জ পৌরসভা।

**পরিশিষ্ট "ক"**

| ক্র: নং | স্বাক্ষরিত | নাম | পদবী |
|---|---|---|---|
| ১. | স্বাক্ষরিত | রোমান মোল্লা | কাউন্সিলর, ৩নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ২. | স্বাক্ষরিত | আতিকুর রহমান পিটু | কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ৩. | স্বাক্ষরিত | মোঃ শাহ নাহিদ | কাউন্সিলর, ৭নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ৪. | স্বাক্ষরিত | খাদিজা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত আসন-১, গোপালগঞ্জ পৌরসভা |
| ৫. | স্বাক্ষরিত | মোঃ আলিমুজ্জামান বিটু | কাউন্সিলর, ১নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ৬. | স্বাক্ষরিত | মোহাম্মদ নাজমুল হাসান | কাউন্সিলর, ৬নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ৭. | স্বাক্ষরিত | আল আমীন | কাউন্সিলর, ৯নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ৮. | স্বাক্ষরিত | মো: নুরুল আমিন শেখ | কাউন্সিলর, ২নং ওয়ার্ড, গোপালগঞ্জ পৌরসভা |
| ৯. | স্বাক্ষরিত | সাইয়েদা আক্তার | কাউন্সিলর, সংরক্ষিত আসন-৩, গোপালগঞ্জ পৌরসভা |

**পরিশিষ্ট "খ"**

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | কে জী এম মাহামুদ | সচিব, গোপালগঞ্জ পৌরসভা |
| ২। | অবিনাশ চন্দ্র সরকার | নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা |
| ৩। | মোঃ হারুনার রশীদ | প্রশাসনিক কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা |
| ৪। | স্বরুপ বোস | উপ-সহকারী  প্রকৌশলী(বিদ্যুৎ), গোপালগঞ্জ পৌরসভা |
| ৫। | জাকারিয়া আলম | উপ-সহকারী  প্রকৌশলী(যান্ত্রিক), গোপালগঞ্জ পৌরসভা |
| ৬। | এসএম সাজ্জাদ হোসেন | হিসাব রক্ষন কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা। |